

যশোর বোর্ড

এইচএসসির ফল
বিপর্যয়ে তদন্ত
কমিটি গঠন

স্টাফ রিপোর্টার, যশোর অফিস ।
এইচএসসির ফলাফল বিপর্যয়ের
কারণ অনুসন্ধানে তদন্ত কমিটি গঠন
করেছে যশোর শিক্ষা বোর্ড। ফল
বিপর্যয় রোধে বিভিন্ন কলেজের
অধ্যক্ষদের সমন্বয়ে নতুন উদ্যোগ
নিচ্ছে কর্তৃপক্ষ। জুজবাব এসব তথ্য
জানিয়েছেন বোর্ডের পরীক্ষা
নিয়ন্ত্রক মাধব চন্দ্র রুদ্র ।
মাধব চন্দ্র রুদ্র জানান, ফল
বিপর্যয়ের কারণ জানতে বোর্ড
সচিব মোল্লা আমীর হোসেনকে
আহ্বায়ক করে একটি তদন্ত কমিটি
গঠন করা হয়েছে। এছাড়া আগামী
এক মাসের মধ্যে বিশেষ সভা করে
সব কলেজের অধ্যক্ষকে বিশেষ
নির্দেশনা দেয়া হবে। কমিটির
সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণ করা হবে।